



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

মহালছড়ি সরকারি কলেজ

Mahalchari Govt. College

স্থাপিত: ১৯৮৮ খ্রি.

ডাকঘর: মহালছড়ি-৪৪৩০, উপজেলা: মহালছড়ি, জেলা: খাগড়াছড়ি পার্বত্য জেলা।
কলেজ কোড: চট্টগ্রাম শিক্ষা বোর্ড-৫২৫১, কারিগরি-৭১০০৫, জাতীয় বিশ্ববিদ্যালয়-৪৭০৮

Email: mohalchari.college@gmail.com,

EIIN No: 106807 Web: mahalchari.college.gov.bd

Mobile: 01776-396400, 01577-247901



স্মারক নম্বর: ৩৭.০২.৪৬.৬৫.০১২.৯৯, ২৬, ৭৭৭

তারিখ: ৭/১০/২৬

মতবিনিময় সভার নোটিশ

এতদ্বারা এ কলেজে অধ্যয়নরত শিক্ষার্থীদের অভিভাবক, কর্মরত শিক্ষক ও স্থানীয় সুধীজনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কলেজে শিক্ষক স্বল্পতার দরুন ইতোমধ্যে ৭ (সাত) জন খন্ডকালীন শিক্ষক এবং দৈনন্দিন কাজকর্ম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য একজন খন্ডকালীন কর্মচারী নিয়োগ করতে হয়েছে। তাছাড়া, সামনে ১৫-২০ দিনের মধ্যে ইতিহাসের একজন খন্ডকালীন শিক্ষক নিয়োগ করতে হবে; কারণ ইতিহাসের সহকারী অধ্যাপক জনাব সমর আলো চাকমা অসুস্থতাজনিত কারণে শারীরিকভাবে শ্রেণিকক্ষে পাঠদান পরিচালনায় স্থায়ীভাবে অক্ষম হয়ে পড়েছেন। অন্যদিকে ২০২৭ সালের আগস্ট মাসে রাষ্ট্রবিজ্ঞানের প্রভাষক জনাব কংজ অং চৌধুরীর অবসর-উত্তর ছুটি (পিআরএল) শুরু হবে। তখন রাষ্ট্রবিজ্ঞানের একজন খন্ডকালীন শিক্ষক নিয়োগ করতে হবে। এমতাবস্থায় খন্ডকালীন শিক্ষক-কর্মচারীর বেতনখাতে আদায় যৌক্তিক মাত্রায় বৃদ্ধি না করলে, কলেজে পাঠদান ও প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা সম্ভব হবে না। এ ব্যাপারে আপনাদের সুচিন্তিত মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণের উদ্দেশ্যে আগামী ১০/১০/২০২৬ তারিখ, বৃহস্পতিবার, বেলা ১১.০০ ঘটিকায় আইসিটি ভবনের চারতলায় ৪০১ নম্বর কক্ষে মতবিনিময় সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় আপনাদের সানুগ্রহ উপস্থিতি একান্তভাবে কামনা করছি।


০৭/১০/২০২৬
প্রফেসর মোঃ শামছুর রহমান (৪৮৯০)

অধ্যক্ষ

মহালছড়ি সরকারি কলেজ

মহালছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।